



হাদির হত্যাকাণ্ডে তদন্তে জাতিসংঘের সহযোগিতা চাইলো সরকার



ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত এবং ন্যায়বিচার নিশ্চিত করার জন্য জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয়ের (ওএইচসিএইচআর) সহযোগিতা চেয়েছে অন্তর্বর্তী সরকার।

রোববার (৮ ফেব্রুয়ারি) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে প্রকাশিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনায়, জেনেভা-স্থায়ী বাংলাদেশ স্থায়ী মিশন ৬ ফেব্রুয়ারি ওএইচসিএইচআর-কে আনুষ্ঠানিক নোট ভারবাল পাঠিয়েছে। এতে হত্যাকাণ্ডের তদন্তে প্রয়োজনীয় কারিগরি ও প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের জন্য সহযোগিতা কামনা করা হয়েছে।

বাংলাদেশ মিশনের বার্তায় বলা হয়েছে, ওএইচসিএইচআর থেকে যে কোনো প্রতিক্রিয়া পাওয়া মাত্রই তা পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো হবে।

সরকার পুনর্ব্যক্ত করেছে যে, শরীফ ওসমান হাদির হত্যাকাণ্ডের দায়ীদের আইনের আওতায় আনা এবং তদন্তে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে, আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ড মেনে।